

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০০৩.১৯.১৭৪

তারিখ: ১ জ্যৈষ্ঠ ১৪২৬

১৫ মে ২০১৯

বিষয়: প্রকল্পের চাকুরি হতে সাময়িক বরকাস্তকরণ প্রসঙ্গে।

জনাব মোঃ মুক্তার হোসেন মিয়া, নৈশপ্রহরী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ গত ০৫.০৫.২০১৯ তারিখ ফৌজদারি মামলায় অভিযুক্ত (মামলা নং- ০৭, তারিখ- ০৩.০৫.২০১৯) হয়ে ঝিনাইদহ সদর থানা পুলিশ কর্তৃক গ্রেপ্তার হন এবং বিজ্ঞ চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত তাকে জেল হাজতে প্রেরণ করেন। পরবর্তীতে ১২.০৫.২০১৯ তারিখ তিনি আদালত কর্তৃক জামিনপ্রাপ্ত হন মর্মে উপজেলা নির্বাহী অফিসার ঝিনাইদহ সদর, ঝিনাইদহ প্রকল্প সদর দপ্তরকে লিখিতভাবে অবহিত করেছেন। এ প্রেক্ষিতে তাকে প্রকল্পের চাকুরি থেকে সাময়িক বরকাস্ত করা হলো।

এমতাবস্থায়, কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের ৬নং শর্তানুযায়ী ১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষে মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

১৬-৫-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-
rdcd.gov.bd

জনাব মোঃ মুক্তার হোসেন মিয়া, নৈশপ্রহরী,
আমার বাড়ি আমার খামার প্রকল্প, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০০৩.১৯.১৭৪/১

তারিখ: ১ জ্যৈষ্ঠ ১৪২৬

১৫ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
- ২) জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ঝিনাইদহ।
- ৬) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
- ৭) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
- ৮) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

১৬-৫-২০১৯

আকবর হোসেন